রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বুধবার, এপ্রিল ৮, ২০০৯**

## বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ৮ই এপ্রিল, ২০০৯/২৫শে চৈত্র, ১৪১৫

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ৮ই এপ্রিল, ২০০৯ (২৫শে চৈত্র, ১৪১৫) তারিখে রাষ্ট্রপতির সম্মতি লাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছে ঃ—

### ২০০৯ সনের ২৮ নং আইন

### গ্রাম সরকার আইন, ২০০৩ রহিতকরণকল্পে প্রণীত আইন

যেহেতু গ্রাম সরকার আইন, ২০০৩ (২০০৩ সনের ৬নং আইন) রহিত করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্‌দ্বারা নিম্নরূপ আইন করা হইল ঃ—

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন**।—(১) এই আইন গ্রাম সরকার (রহিতকরণ) আইন, ২০০৯ নামে অভিহিত হইবে।

(২) ইহা ০১ জুন ২০০৮ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

২। **২০০৩ সনের ৬নং আইন রহিতকরণ ও হেফাজত**।—(১) গ্রাম সরকার আইন, ২০০৩ (২০০৩ সনের ৬নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এতদ্বারা রহিত করা হইল।


**মূল্য ঃ** টাকা ২.০০

(২) উক্ত আইন রহিত হইবার সঙ্গে সঙ্গে—

(ক) উহার অধীন গঠিত গ্রাম সরকার, অতঃপর বিলুপ্ত গ্রাম সরকার বলিয়া উল্লিখিত, এতদ্দ্বারা রহিত করা হইল;

(খ) বিলুপ্ত গ্রাম সরকারের সকল স্থাবর ও অস্থাবর সম্পত্তি, নগদ ও ব্যাংকে গচ্ছিত অর্থ এবং অন্য সকল প্রকার সম্পদ সংশ্লিষ্ট এলাকার ইউনিয়ন পরিষদের অনুকূলে ন্যস্ত হইবে;

(গ) বিলুপ্ত গ্রাম সরকারের সকল ঋণ ও দায়-দায়িত্ব সংশ্লিষ্ট এলাকার ইউনিয়ন পরিষদের ঋণ ও দায়-দায়িত্ব বলিয়া গণ্য হইবে; এবং

(ঘ) বিলুপ্ত গ্রাম সরকারের অধীনে কৃত উহার সকল কার্য বা গৃহীত ব্যবস্থা বা কোন আদালতে বিচারাধীন কোন মামলা উক্তরূপ কার্য বা বিচার-ব্যবস্থা বা মামলা অকার্যকর, রহিত ও বাতিল বলিয়া গণ্য হইবে।

৩। **২০০৮ সনের ২৩ নং অধ্যাদেশ রহিতকরণ।**—এতদ্দ্বারা গ্রাম সরকার (রহিতকরণ) অধ্যাদেশ, ২০০৮ (২০০৮ সনের ২৩ নং অধ্যাদেশ) রহিত করা হইল।

**আশফাক হামিদ**
সচিব।

মোঃ মাছুম খান (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আবু ইউসুফ (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। www.bgpress.gov.bd